**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 05-09-24** **Desk in Charge :**

**Time : 7-50 P.M.** **Compiling :**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR–এর ঘটনায়, মৃতা PGT চিকিৎসক সম্পর্কে সোশ্যাল মিডিয়ায় কিছু আপত্তিকর মন্তব্য নিয়ে কলকাতা হাইকোর্ট, CBI-এর কাছে রিপোর্ট তলব করেছে।

২/ RG KAR মামলা নিয়ে সুপ্রিমকোর্টে শুনানি ৯'ই সেপ্টেম্বর।

৩/ বর্ধমান মেডিক্যাল কলেজের চিকিৎসক বীরুপাক্ষ বিশ্বাস এবং প্রাক্তন RMO অভিক দে-কে সাসপেন্ড করেছে স্বাস্থ্য দপ্তর।

৩/ বিজেপি, RG KAR-এর ঘটনাকে সংগঠিত অপরাধ বলে দাবি করেছে।

৪/ শিক্ষক দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি আজ ৮২ জনকে 'জাতীয় শিক্ষক' পুরস্কার প্রদান করে বলেছেন, শিক্ষক ও অভিভাবকদের এমনভাবে শিশুদের শিক্ষা দেওয়া উচিত, যাতে তারা সর্বদাই মহিলাদের প্রাপ্য সম্মান ও মর্যাদা দেয়।

# পশ্চিমবঙ্গ থেকে এবার দুজন শিক্ষক রাষ্ট্রপতি পুরস্কার লাভ করেছেন।

# শিক্ষক দিবসে রাজ্যের শিক্ষামন্ত্রী শিক্ষক ও শিক্ষা কর্মীদের জন্য বেশ কিছু সুবিধা দানের কথা ঘোষণা করলেও, আর জি করের ঘটনার প্রতিবাদে শিক্ষারত্ন সম্মান ফেরালেন এক শিক্ষক।# সম্মান ফিরিয়েছেন অভিনেতা সুপ্রিয় দত্ত'ও।

৫/ মেয়েদের সাব জুনিয়ার জাতীয় ফুটবলে, বাংলা ৬-০ গোলে অসমকে হারিয়ে দিয়েছে।

*****************************************************************************

RG KAR–এর ঘটনায়, মৃতা PGT চিকিৎসক সম্পর্কে সোশ্যাল মিডিয়ায় কিছু আপত্তিকর মন্তব্য নিয়ে কলকাতা হাইকোর্ট, CBI-এর কাছে রিপোর্ট তলব করেছে। এক আইনজীবির আবেদনের ভিত্তিতে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ তাঁদের মৌখিক পর্যবেক্ষণে জানান, সোশ্যাল মিডিয়ায় নির্যাতিতার ছবির নীচে কুরুচিকর মন্তব্য করা হয়েছে, যা এই মামলায় হাইকোর্ট ও সুপ্রিম কোর্ট ওই চিকিৎসকের 'পরিচয় গোপন রাখার' নির্দেশ দেওয়ার আগেই ছড়িয়ে পড়ে। ওই আইনজীবি আদালতকে জানান, এই কমেন্ট কে বা কারা করেছে, তা এখনো জানা যায়নি। এব্যাপারে আদালতকে তিনি কলকাতা পুলিশের সাইবার সেলকে তদন্ত করার নির্দেশ দিতে বলেন। ডিভিশন বেঞ্চ জানায়, কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এই ব্যাপারে তদন্ত করতে সক্ষম। এদিকে, অতিরিক্ত সলিসেটার জেনারেল আদালতকে জানান, CBI-এর আলাদা কোনো সাইবার সেল নেই, তাই রাজ্য পুলিশকেই বিষয়টি দেখার নির্দেশ দেওয়া উচিত। তবে, হাইকোর্ট CBI কেই তদন্তের দায়িত্বভার দেয়। এক্ষেত্রে তারা রাজ্য পুলিশের সাইবার সেলের সাহায্য নিতে পারবে।
এই মামলার শুনানি আগামী ১৮ই সেপ্টেম্বর।

*********************

বর্ধমান মেডিক্যাল কলেজের চিকিতসক বীরুপাক্ষ বিশ্বাস এবং প্রাক্তন আর এম ও অভিক দে-কে সাসপেন্ড করেছে স্বাস্থ্য দপ্তর। স্বাস্থ্য ভবনের পক্ষ থেকে আজ এক নির্দেশিকায় জানানো হয়েছে, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অবিলম্বে এই সাসপেনশন কার্যকর হয়েছে।
উল্লেখ্য, বিতর্কিত বিরূপাক্ষকে কাকদ্বীপ মহকুমা হাসপাতালে বদলি হয়েছিল। কিন্তু সেখানে তাঁর বিরুদ্ধে তুমুল বিক্ষোভ দেখান সাধারণ নাগরিক ও অন্য চিকিৎসকরা।

বর্ধমান মেডিক্যাল কলেজের রেডিওলজি বিভাগের আর এম ও অভীককেও ১৯৭১-এর পশ্চিমবঙ্গ সার্ভিস ক্লাসিফিকেশন কন্ট্রোল এন্ড আপিল ধারার আওতায় অবিলম্বে সাসপেন্ড করার কথা জানানো হয়েছে স্বাস্থ্য ভবনের আরেকটি নির্দেশিকায়।

*********************

RG KAR–এর ঘটনাকে সংগঠিত অপরাধ বলে দাবি করেছে বিজেপি। দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় আজ কলকাতায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, ঘটনার পরের দিন প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ পূর্ত দপ্তরের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারকে চিঠি

দিয়ে, ডাক্তারদের ঘর ও তার পাশের শৌচালয়কে ভেঙে ফেলার আদেশ দেন। প্রমাণ লোপাট করতেই সংস্কারের নামে এই চিঠি দেওয়া হয়েছিল বলে অভিযোগ করেন লকেট। স্বাস্থ্য দপ্তরের সব আধিকারিক এই চিঠির সম্পর্কে জানতেন বলে জানান তিনি। স্বাভাবিক ভাবে মুখ্যমন্ত্রীও বিষয়টি জানতেন।

( বাইট- লকেট )

*********************

কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েলের রাষ্ট্রপতি পুলিশ পদক ফিরিয়ে নিতে রাষ্ট্রপতির কাছে আর্জি জানিয়েছে বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে চিঠি দিয়ে আরজিকরের ঘটনায় বিনীত গোয়েলের নিন্দনীয় এবং লজ্জাজনক ভূমিকার জন্য রাষ্ট্রপতি পুলিশ পদক ও পুলিশ পদক ফিরিয়ে নেওয়ার আবেদন জানিয়েছেন। পাশাপাশি চিঠিতে তিনি ১৪ই আগস্ট রাতে আরজিকর হাসপাতালে দুষ্কৃতী আক্রমণ ও ভাঙচুরের সময় শ্রী গোয়েলের বিরুদ্ধে ইচ্ছাকৃত নিষ্ক্রিয়তারও অভিযোগ করেন। বিরোধী দলনেতা বলেন,পুলিশ কমিশনারের কাজকর্ম কলকাতা পুলিশের খ্যাতিকে কলঙ্কিত এবং লজ্জিত করেছে। কিছু প্রভাবশালী ব্যক্তিকে রক্ষার চেষ্টায় তিনি আইনশৃঙ্খলা পরিস্থিতিকে অনিশ্চিত করে তুলেছেন। শ্রী অধিকারী জানান, বিনীত গোয়েল রাজ্য এবং জাতির লজ্জা। তাই তিনি এই ধরনের পুরস্কার ধরে রাখার অযোগ্য।

*********************

তিলোত্তমার ন্যায়বিচারের দাবিতে আজ কলকাতায় মিছিল করে কলকাতা জেলা ছাত্র পরিষদ। কলকাতা জেলা ছাত্র পরিষদের সভাপতি দেবজ্যোতি দাশের নেতৃত্বে ওই প্রতিবাদ মিছিল প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের সামনে থেকে কলেজ স্ট্রিট মোড় পর্যন্ত যায়। মিছিল থেকে নগর পালের পদত্যাগের দাবি জানানো হয়। শাসকদলের গুন্ডা বাহিনীদের হাতে সাধারণ মানুষ হেনস্তার শিকার হচ্ছেন বলেও অভিযোগ করা হয়।

*********************

আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুনের ঘটনার তথ্য আড়াল করার চেষ্টা গোড়া থেকেই করা হয়েছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে অধীর বাবু বলেন ,সরকারের ভাবমূর্তি রক্ষা করার

জন্য, রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীর ভাবমূর্তি রক্ষা করার জন্য আর জি কর কাণ্ডে পরিকল্পিতভাবে তথ্য-প্রমাণ লোপাট করা হয়েছে বলে অধীর বাবু দাবি করেন। ঘটনায় যুক্তদের সবাইকে সি বি আই এর জেরা করা উচিত বলে অধীর বাবু মন্তব্য করেন।

(বাইট- অধীর )

আর জি কর কাণ্ডে বিরোধীদের তরফ থেকে তথ্যপ্রমাণ আড়ালের যে জোরালো অভিযোগ উঠেছে সে প্রসঙ্গে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেন, এর মধ্যে যদি অন্যায় থাকে সন্দেহ থাকে এর মধ্যে যদি কোন আপত্তিকর বিষয় থাকে তাহলে সিবিআই নিশ্চয়ই ব্যবস্থা নেবে। তবে সিবিআই সেই ব্যবস্থা এতদিন ধরে নিচ্ছে না কেন সে প্রশ্ন তোলেন কুনাল বাবু। কুনাল বাবু বলেন ,ডকুমেন্ট যার কাছে আছে তারা সিবিআইকে দিক। সে ক্ষেত্রে যদি কোন অন্যায় বিভ্রান্তি থাকে তাহলে সিবিআই পদক্ষেপ করুক বলে মন্তব্য করেন কুণাল বাবু। ( কুণাল )

**********************

পুরুলিয়ায় বিকাশ দত্ত পুরুলিয়ার নিস্তারিনি মহিলা মহাবিদ্যালয়ের এক কলেজ ছাত্রীকে শ্লীলতাহানীর অভিযোগে গ্রেফতার অধ্যাপককে আজ পুরুলিয়া জেলা আদালতে তোলা হলে, ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়।
উল্লেখ্য, ওই অধ্যাপক ভাড়া বাড়িতে টিউশন পড়াতেন। প্রথম বর্ষের ছাত্রীটির অভিযোগ, সেখানেই ওই অধ্যাপক তার শ্লীলতাহানি করেন। এরপরই তাঁকে গ্রেপ্তার করা হয়।

**********************

শিলিগুড়ির মাটিগাড়ায় নাবালিকা স্কুল ছাত্রীকে খুনের ঘটনায় ধৃতকে দোষী সাব্যস্ত করেছে আদালত। আগামীকাল সাজা ঘোষণা। গত আগস্ট মাসে মাটিগাড়ার খাপরাইল এলাকায় এক স্কুল ছাত্রীর ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। তদন্তে নেমে লেনিন কলোনী এলাকার বাসিন্দা মহম্মদ আব্বাসকে গ্রেফতার করে পুলিশ।

**********************

এইমাত্র জানা গেলো, RG KAR মামলা নিয়ে সুপ্রিমকোর্টে শুনানি ৯’ই সেপ্টেম্বর। আজ ওই মামলার শুনানি হওয়ার কথা ছিল।

**********************

**উত্তর ২৪ পরগণার বারাসাতে** গতরাতে নাগরিক সমাজের মিছিল থেকে বাড়ি ফেরার পথে এক মহিলার শ্লীলতাহানির অভিযোগে, মদ্যপ এক যুবককে গ্রেপ্তার করা হয়েছে। বারাসাত থানার পুলিশ তাকে জিজ্ঞাসাবাদ করছে। গতরাতে ওই মহিলা মিছিল শেষে ছেলেকে সঙ্গে নিয়ে বাড়ি ফিরছিলেন। সেই সময় ওই যুবক মহিলাকে কটুক্তি করতে থাকে। ছেলে প্রতিবাদ জানালে, তাকে রাস্তায় ফেলে মারধোর করা হয়। তারপর ওই যুবক মহিলার শ্লীলতাহানির চেষ্টা করে। মহিলার চিৎকারে  আশেপাশের মানুষ ছুটে এসে যুবককে হাতেনাতে ধরে ফেলে। তারপর তাঁকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। মহিলার ছেলে বারাসাত হাসপাতালে ভর্তি।

জেলার **মধ্যমগ্রামে এক নাবালিকাকে ধর্ষণের** ঘটনায় বিটি কলেজ পালপাড়া এলাকা আজ ভোর রাতে উত্তপ্ত হয়ে ওঠে। রাহুল দত্ত নামে ওই যুবক ও তার চার বন্ধু মিলে গতরাতে জোর করে  নাবালিকার ঘরে ঢুকে তাকে ধর্ষণ করে বলে অভিযোগ। মেয়েটি চিৎকার শুরু করলে রাহুল ও তার বন্ধুরা পালিয়ে যায়। ঘটনার পর থেকেই এলাকাবাসী অভিযুক্তদের গ্রেপ্তারের দাবীতে সরব হন। আজ ভোররাতে তাঁরা পালপাড়া এলাকায় রাস্তা অবরোধ করে বিক্ষোভ প্রদর্শন করেন। পরিস্থিতি সামাল দিতে এয়ারপোর্ট থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছয়। অভিযুক্ত রাহুল ও আর দুজনকে পুলিশ গ্রেপ্তার করেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে মোতায়েন করা হয় বিশাল পুলিশ বাহিনী ও র‍্যাফ। পুলিশ জানিয়েছে, নাবালিকার মেডিক্যাল পরীক্ষার পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে।

**বীরভূমের মল্লারপুর** থানার বড়গাঁয়, এক গৃহবধূকে ধর্ষণ করতে গিয়ে বাধা পেয়ে, ওই মহিলা ও তাঁর ঠাকুমাকে ধারালো অস্ত্র দিয়ে কোপ মারার অভিযোগ উঠেছে প্রতিবেশী এক যুবকের বিরুদ্ধে।  ঘটনার পর উৎপল মন্ডল নামে ওই যুবক আত্মঘাতী হন। আজ সকালে গ্রামের একটি গাছ থেকে তার ঝুলন্ত দেহ উদ্ধার করা হয়। ঘটনায় জখম ওই গৃহবধূ ও তাঁর ঠাকুমা, রামপুরহাট গর্ভনমেন্ট মেডিক্যাল হাসপাতালে আশঙ্কাজনক অবস্থায় ভর্তি। পুলিশ জানিয়েছে, মহিলা গতরাতে সন্তানকে সঙ্গে নিয়ে ঘুমাচ্ছিলেন। সেইসময় প্রতিবেশী উৎপল ঘরে ঢুকে তাঁকে ধর্ষণের চেষ্টা করে। বাধা দিলে তাঁকে ধারালো অস্ত্র দিয়ে কোপ মারা হয়। মহিলার চিৎকারে তাঁর ঠাকুমা ছুটে এলে, তাকেও উৎপল কোপ মেরে পালিয়ে যায়। বিষয়টি জানাজানি হতে আত্মগ্লানিতেই উৎপল আত্মহত্যা করে বলে পুলিশের প্রাথমিক অনুমান।

**********************

সাগর দত্ত মেডিকেল কলেজে আজ দুপুরে কলেজ কাউন্সিলের বৈঠক চলাকালীন বৈঠকরত পড়ুয়া চিকিৎসকদের উপর আরেকদল পড়ুয়াদের হামলার ঘটনায় অশান্তির সৃষ্টি হয়। আজ দুপুরে কলেজে অধ্যক্ষ ও বিভিন্ন বিভাগীয় প্রধানদের সঙ্গে তাদের বিভিন্ন দাবি দাওয়া নিয়ে বৈঠকে বসেন আন্দোলন রত পড়ুয়া চিকিৎসকরা। বৈঠক চলাকালীন বাইরে থেকে কিছু পড়ুয়া ঘরে জোর করে ঢোকার চেষ্টা করে বলে অভিযোগ। ঘরের দরজার কাঁচ ভেঙে যায়। এই ঘটনায় তিন চার জন আহত হয়েছেন। ঘটনাস্থলে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। অধ্যক্ষ পার্থ প্রতিম প্রধান বলেন, পুলিশকে বিষয়টি জানানো হয়েছে।

**********************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, শিক্ষক ও অভিভাবকদের এমনভাবে শিশুদের শিক্ষা দেওয়া উচিত, যাতে তারা সর্বদাই মহিলাদের প্রাপ্য সম্মান ও মর্যাদা দেয়। তিনি আজ নতুন দিল্লিতে শিক্ষক দিবস উপলক্ষ্যে ৮২ জনকে 'জাতীয় শিক্ষক' পুরস্কার প্রদান করে ভাষণ দিচ্ছিলেন।

(বাইট- রাষ্ট্রপতি )

পশ্চিমবঙ্গ থেকে এবার দুজন শিক্ষক রাষ্ট্রপতি পুরস্কার লাভ করেছেন। এরা হলেন, উত্তর ২৪ পরগনার ভাটপাড়ার শালবাগান GSFP স্কুলের প্রশান্ত কুমার মারিক এবং শিলিগুড়ির মাটিগাড়ার শ্রী নরসিঙ্ঘ বিদ্যাপীঠের আশিস কুমার রায়।

উল্লেখ্য, নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে ডক্টর সর্বপল্লী রাধাকৃষ্ণণ-এর জন্মদিনটি আজ জাতীয় শিক্ষক দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।

**রাজ্যপাল** সি ভি আনন্দ বোস, আর জি করের আবহে এক বিশেষ বার্তায় শিক্ষক দিবসের শুভেচ্ছা জানিয়েছেন। রাজভবনের মিডিয়া সেলের এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি বলেন, শিক্ষকরা আমাদের মন ও হৃদয় গঠন করেন, সর্বোপরি তাঁরা দায়িত্বশীল নাগরিক হতে এবং প্রয়োজনে আত্মদর্শন ও নিজেদের সংশোধন করতেও শিক্ষা দেন। যাতে সমাজ নিজেদের ভুল শুধরে নিতে পারে।

**মুখ্যমন্ত্রী** মমতা ব্যানার্জী এই উপলক্ষ্যে প্রাক্তন রাষ্ট্রপতি রাধাকৃষ্ণানের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। এক্স হ্যান্ডেলে এক বার্তায় তিনি শিক্ষক, পড়ুয়া এবং অশিক্ষক কর্মচারীদেরও শিক্ষক দিবসের শুভেচ্ছা জানান।

**********************

শিক্ষক দিবসে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু শিক্ষক ও শিক্ষাকর্মীদের জন্য একটি নতুন হোয়াট্সঅ্যাপ হেল্পলাইন নম্বর চালুর কথা ঘোষণা করেন। ৯০-৮৮৮৮-৫৫৪৪-এই নম্বরের মাধ্যমে যেকোনো অভিযোগ বা সমস্যা জানানো যাবে।

যেসমস্ত শিক্ষক টানা ১০ বছর কাজ করছেন, সংশ্লিষ্ট দপ্তরই তাঁদের অবসরকালীন ভাতা প্রদান করবে বলে শিক্ষা মন্ত্রী জানান। মাধ্যমিক শিক্ষা পর্ষদের পড়ুয়াদের উত্তরপত্র ডিজি লকারে সংরক্ষণের'ও নির্দেশ দেন শিক্ষা মন্ত্রী।

RG KAR-এর ঘটনায় দুঃখ প্রকাশ করে ব্রাত্যবসু বলেন, সে কারণেই এবার শিক্ষক দিবসের অনুষ্ঠান, বিকাশ ভবনে করা হয়েছে।

**********************

RG KAR-এর ঘটনার প্রতিবাদে শিক্ষক দিবসে শিক্ষারত্ন ফেরালেন দীপক মজুমদার নামে এক শিক্ষক। ২০১৩ সালে তিনি ওই পুরস্কার পান। সাংবাদিকদের আজ তিনি বলেন, তিলোত্তমার খুন ও ধর্ষণের প্রতিবাদে তাঁর এই সিদ্ধান্ত।

অন্যদিকে, অভিনেতা সুপ্রিয় দত্ত তাঁর পুরস্কার ফিরিয়ে দেওয়ার কথা ঘোষণা করেছেন। পশ্চিমবঙ্গ নাট্য একাডেমীর সচিবকে লেখা এক চিঠিতে তিনি বলেছেন, পূর্ণ দৈর্ঘের নাটকে বিশিষ্ট চরিত্রাভিনেতা হিসেবে ২০২১-এর ২৪শে জানুয়ারী তাঁকে পশ্চিমবঙ্গ নাট্য একাডেমী পুরস্কারে ভূষিত করা হয়। কিন্তু RG KAR-এর ঘটনায় স্তম্ভিত হয়ে তিনি এই পুরস্কার এবং পুরস্কার মূল্য ফিরিয়ে দেওয়ার সিদ্ধান্ত নিলেন।

এদিকে, বিশিষ্ট শিল্পী সনাতন দিন্দা, RG KAR-এর ঘটনাবলীর প্রেক্ষিতে রাজ্য চারু কলা পর্ষদের কার্যকরী সদস্য পদ থেকে ইস্তফা দেওয়ার কথা জানিয়েছেন।

এদিকে, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, এই পুরস্কার ফেরত দেওয়ার সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রশ্ন তুলেছেন, কেন্দ্র সরকার যদি এমন কিছু করে, তবে তাঁরা কেন্দ্রের পুরস্কার'ও ফেরত দেবেন কি?

**********************

শিক্ষক দিবসে আজ ন্যাশনাল স্কিলস কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক বা NSQF শিক্ষকরা সামাজিক সুরক্ষা ও নিয়মিত বেতনের দাবিতে বাটি হাতে ভিক্ষা করলেন। রাজ্যের এক হাজার ৬১১ টি সরকারি ও সরকার পোষিত উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ১৬ টি বিভিন্ন বৃত্তিমূলক বিষয়ে এই ২ হাজার ৯ শো জন শিক্ষক কর্মরত। চুক্তি ভিত্তিক এই শিক্ষকরা দু' মাস ধরে বেতন পাচ্ছেন না এবং কখনোই তাঁরা সময়মতো বেতন পান না বলে অভিযোগ।

*********************

বহরমপুর ষ্টেডিয়ামে আজ মেয়েদের সাব জুনিয়র জাতীয় ফুটবলের গ্রুপ লিগ ম্যাচে বাংলা ৬-০ গোলে অসমকে হারিয়ে দিয়েছে। বিরতিতে বাংলা ২-০ গোলে এগিয়ে ছিল। পূরবী মান্ডি দুটি, সুদীপ্তা মণ্ডল, অন্তরা রায়, সঞ্চিতা বিশ্বাস, তৃষা গোস্বামী একটি করে গোল করেছে।

*************************************************************************